# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
# DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

ফোনঃ ৯১৩১৫৮০, ফ্যাক্সঃ +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইলঃ dkib.bd@gmail.com, ওয়েবঃ www.dkib.org


স্মারক নং- ৯৬৩ (৪০) তারিখ ঃ ১৭/১২/২০১৫ইং

জনাব,

সরদার হিম্মত আলী,
এ্যাডভোকেট
জজ কোর্ট, খুলনা।

বিষয়ঃ আপনার স্বাক্ষরিত ১০/১২/১৫ তারিখের লিগ্যাল নোটিশ প্রসঙ্গে।

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশের পক্ষ থেকে আপনাকে স্বশ্রদ্ধ সালাম জানাচ্ছি।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার মক্কেল জনাব মোঃ মফিজুর রহমান, পিতাঃ হাজী হাবিবুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ খুলনা জেলা শাখা খুলনা এর ক্ষমতা প্রাপ্ত হয়ে তার বর্ণনা মোতাবেক আপনি নিম্ন স্বাক্ষরকারীদ্বয়কে যে লিগ্যাল নোটিশ প্রেরণ করেছেন উক্ত লিগ্যাল নোটিশ সম্পর্কে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর বক্তব্য নিম্নে পেশ করা হলো-

১। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০১৩-২০১৬ নির্বাচনের জন্য আপনার মক্কেল যে নোমিনেশন পেপার দাখিল করেছেন এবং এতদ্বসংক্রান্ত বিজ্ঞ তেরখাদা সহকারী জজ আদালতের দেঃ ৫৭/১৪ নম্বর মোকদ্দমা, বিজ্ঞ খুলনা জেলা জজ আদালত মিস আপিল ৩৩১৫ মোকাদ্দমা বিষয়টি নির্বাচন কমিশন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কার্যক্রমের অর্ন্তভূক্ত। নির্বাচন কমিশন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ অত্র সংগঠনের উপজেলা শাখা হতে কেন্দ্র নির্বাহী কমিটি পর্যন্ত সকল স্তরের নির্বাচন পরিচালনা করেন। নির্বাচনী তফসিল ঘোষণা থেকে নির্বাচনী ফলাফল প্রকাশ করা পর্যন্ত নির্বাচন পরিচলনার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহনকারী সর্ম্পূন স্বাধীন প্রতিষ্ঠান নির্বাচন কমিশন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ। বিজ্ঞ জেলা জজ আদালত ইংরেজী ১৩/০৫/১৫ তারিখের ৭ দিনের যে শো কজের আদেশ প্রদান করেছেন বলে আপনার লিগ্যাল নোটিশে উল্লেখ করেছেন উক্ত শো কজের বিষয়বস্তু সম্পর্কে নিম্ন স্বাক্ষরকারিদ্বয় অবহিত নয় এবং অদ্যাবধি ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটি উক্ত শো কজের কোন নোটিশ পায় নাই।আপনার মক্কেল জনাব মোঃ মফিজুর রহমান এর দায়েরকৃত মোকদ্দমায় বিজ্ঞ আদালতের রায় ও নির্দেশনা অনুযায়ী নির্বাচন কমিশন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

২। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির ২৯/০৫/২০১৫ তারিখের সভায় ৮(জ) নম্বর সিদ্ধান্তে যে খুলনা জেলা শাখার নির্বাহী কমিটি ভেঙ্গে দেওয়া হয়েছে অত্র সংগঠনের গঠনতন্ত্রের ১২.২ উপঅনুচ্ছেদ এর ক্ষমতাবলে ও গঠনতন্ত্রকে অনুসরন করে। সাংগঠনিক শৃংখলা রক্ষার প্রয়োজনে কেন্দ্রীয় নির্বাহী কমিটি অধঃস্তন যে কোন শাখার বিরুদ্ধে গঠনতান্ত্রিক পদক্ষেপ গ্রহন করতে পারে। সুতরাং গত ২৯/০৫/২০১৫ তারিখের অত্র সংগঠনের নির্বাহী কমিটি সিদ্ধান্তানুযায়ী খুলনা জেলা শাখা তৎকালীন নির্বাহী কমিটি ভেঙ্গে দেওয়া ও ০৪/০৬/২০১৫ ইং তারিখের ৮৯(৫০) নম্বর স্মারকে যে আহবায়ক কমিটি গঠন করা হয়েছে তা নিয়মানুযায়ী, গঠনতন্ত্রকে অনুসরণ করেই করা হয়েছে।

৩। আপনার স্বাক্ষরিত পত্রে অত্র সংগঠনের গঠনতন্ত্রের ১১.২ (খ) ও ১১.২ (গ) উপ অনুচ্ছেদ উল্লেখ করে আহবায়ক কমিটি গঠন,মেয়াদ এবং পুর্বতন কমিটি পুনঃজীবিত প্রসংঙ্গে যে তথ্য লিপিবদ্ধ করেছেন তা অত্র সংগঠনের গঠনতন্ত্রের

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH
প্রধান কার্যালয়
কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৩১৫৮০, ফ্যাক্সঃ +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইলঃ dkib.bd@gmail.com, ওয়েবঃ www.dkib.org

স্মারক নং- তারিখ ঃ

সহিত সামঞ্জস্যপূর্ন নয়। গঠনতন্ত্রের ১১.২ (খ) ও ১১.২ (গ) উপ অনুচ্ছেদ গুলি শুধুমাত্র কেন্দ্রীয় নির্বাহী কমিটির ক্ষেত্রে প্রযোজ্য। অধঃস্তন কোন শাখার জন্য প্রযোজ্য নহে।অধঃস্তন যে কোন শাখার কমিটি ভেঙ্গে দেওয়া, আহবায়ক কমিটি গঠন করা এবং কমিটির মেয়াদ সংক্রান্ত আইনগত ও গঠনতান্ত্রিক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করার ক্ষমতা কেন্দ্রীয় নির্বাহী কমিটির। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ, খুলনা জেলা শাখার নির্বাচন সংক্রান্ত যে মোকদ্দমা বিজ্ঞ আদালতে বর্তমান চলমান আছে, উক্ত মোকদ্দমার বিজ্ঞ আদালতের রায় ও নির্দেশনা মোতাবেক নির্বাচন কমিশন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ নির্বাচন সম্পন্ন করতঃ নবনির্বাচিত কমিটি দায়িত্বভার গ্রহনের পূর্ব পর্যন্ত উক্ত আহবায়ক কমিটিকে দায়িত্ব পালনের নির্দেশনা দিয়েই আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। সুতরাং আহবায়ক কমিটির মেয়াদ,কার্যক্রম,পূর্বতন কমিটির পূনঃ জীবিতের জন্য আপনি যে উপ অনুচ্ছেদগুলি উল্লেখ করেছেন তা প্রযোজ্য নহে।সে কারনেই আপনার মক্কেল পুর্বের কমিটির কোন পদবী ব্যবহার করতে পারেন না ও পুর্বের কমিটির পুনঃ জীবিতের কোন সুযোগ নেই। সুতরাং বিষয়টি ভালো করে যাচাই করতঃ অত্র সংগঠনের গঠনতন্ত্রকে অনুসরন করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহনের জন্য এবং অত্র সংগঠন পরিচালনায় সহযোগীতার করার জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর পক্ষ থেকে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষে

(এ.টি.এম আবুল কাশেম)
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ।
মোবাইলঃ ০১৭১১-৪৮৮৪২৫

(মোঃ আব্দুর রাশেদ খান)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ।
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭

অনুলিপি জ্ঞাতার্থেঃ-

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল/খুলনা অঞ্চল/অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষন ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা।
২। প্রধান নির্বাচন কর্মকর্তা / রিটার্নিং অফিসার, খুলনা জেলা শাখা ,ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।
৩। সহ সভাপতি( যশোর অঞ্চল)/ সহ সাংগঠনিক সম্পাদক (যশোর অঞ্চল), ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।
৪। সভাপতি/ সাধারন সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ,যশোর অঞ্চল শাখা।
৫। উপ পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, খুলনা।
৬। আহবায়ক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, খুলনা জেলা শাখা।
৭। উপজেলা কৃষি অফিসার, ............................................................ উপজেলা শাখা, খুলনা।
৮। জনাব, ..................................................................................................।